

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট।
(সংস্থাপন শাখা)
www.dcsylhet.gov.bd


স্মারক নং- ০৫.৬০.৯১০০.০০৬.৩৬.০১২.১৫- ১৭১ (৫০)

তারিখ: ১৮ ফাল্গুন ১৪২১
০২ মার্চ ২০১৫

বিষয় : জনপ্রশাসন পদকের জন্য মনোনয়ন আহ্বান প্রসংগে।

সূত্র : জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিপি-২ শাখার স্মারক নং-০৫.১৯৬.০২৩.০০.০০.০১৩.২০১০-১৭,
তারিখ- ০২/০২/২০১৫ খ্রি:।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক জনপ্রশাসনে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের স্বজনশীল কার্যক্রম উৎসাহিত করার মাধ্যমে কর্মস্পৃহা বৃদ্ধি ও সরকারের উন্নয়ন লক্ষ্যমাত্রা অর্জন অধিকতর গতিশীল করার লক্ষ্যে জনপ্রশাসন পদক প্রবর্তন করা হয়েছে। সাধারণ ও কারিগরি ২টি ক্ষেত্রে শ্রেষ্ঠ ব্যক্তি, শ্রেষ্ঠ দল ও শ্রেষ্ঠ প্রতিষ্ঠানকে পুরস্কৃত করা হবে। সাধারণ পর্যায়ে সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা, পরিবেশ ও আর্থ-সামাজিক উন্নয়ন এবং সংস্কার ও গবেষণা (সামাজিক) বিষয় অন্তর্ভুক্ত থাকবে। কারিগরি পর্যায়ে বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি, গবেষণা (বিজ্ঞানভিত্তিক) বিষয় অন্তর্ভুক্ত থাকবে। মনোনয়নের প্রাথমিক প্রস্তাবনা ব্যক্তি, দল এবং প্রতিষ্ঠানের নিয়ন্ত্রকারী মন্ত্রণালয়/বিভাগ-এর স্থানীয় দপ্তর প্রধানের মাধ্যমে প্রেরণ করতে হবে। পূর্ববর্তী ক্যালেন্ডার বছরের (জানুয়ারি-ডিসেম্বর) কর্মকালভের উপর ভিত্তি করে সংযোজনী-ক (সংযুক্ত) অনুযায়ী মনোনয়ন আগামী ১৫ মার্চ ২০১৫ তারিখের মধ্যে এ কার্যালয়ে প্রেরণের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ্য যে, প্রতিটি ক্ষেত্র ও শ্রেণির বিপরীতে সর্বোচ্চ ১টি করে মনোনয়ন প্রেরণ করা যাবে।


(মোঃ শহিদুল ইসলাম)
জেলা প্রশাসক
সিলেট।

ফোন নং- ০৮২১-৭১৬১০০

Email: adcsylhet@mopa.gov.bd

০১।

০২। উপজেলা নির্বাহী অফিসার,(সকল), সিলেট। তাঁর উপজেলায় অবস্থিত সরকারি প্রতিষ্ঠানসমূহ হতে মনোনয়ন সংগ্রহ পূর্বক প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযোজনী-ক

মনোনয়ন ছক

১. যে শ্রেণিতে পুরস্কারের জন্য মনোনয়ন সুপারিশ করা হচ্ছেঃ

[প্রযোজ্য শ্রেণিতে টিক (√) চিহ্ন দিন]

১. সরকারের কর্মকর্তা/কর্মচারি - ব্যক্তিগত অবদান ;
২. সরকারের কর্মকর্তা/কর্মচারিগণ - দলগত অবদান ;
৩. প্রাতিষ্ঠানিক অবদান ।

২. নিম্নলিখিত যে ক্ষেত্রে অবদানের জন্য মনোনয়ন প্রদান করা হচ্ছেঃ

[প্রযোজ্য শ্রেণিতে টিক (√) চিহ্ন দিন]

সাধারণঃ

- সাধারণ প্রশাসন ও ব্যবস্থাপনা
- পরিবেশ ও আর্থ-সামাজিক উন্নয়ন
- সংস্কার
- গবেষণা (সামাজিক)

কারিগরিঃ

- বিজ্ঞান এবং তথ্য ও যোগাযোগ প্রযুক্তি
- গবেষণা (বিজ্ঞান ভিত্তিক)

৩. মনোনীত ব্যক্তি/ দল/ প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ

১. ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের নাম

২. যোগাযোগঃ

৩. ফোনঃ (দাপ্তরিক) (আবাসিক)

ফ্যাক্স নম্বরঃ মোবাইলঃ

ই-মেইলঃ

প্রতিষ্ঠানের ওয়েবসাইটঃ

৪. মনোনয়ন প্রদানকারী প্রতিষ্ঠান সম্পর্কিত তথ্যঃ

১. প্রতিষ্ঠান প্রধানের নামঃ পদবী
২. প্রতিষ্ঠানের নামঃ
৩. যোগাযোগের (পূর্ণাঙ্গ) ঠিকানাঃ
৪. ফোনঃ (দাপ্তরিক) (আবাসিক)
- ফ্যাক্স নম্বরঃ মোবাইলঃ
- ই-মেইলঃ

৫. যে উদ্যোগ/প্রকল্প/ধারণার জন্য মনোনয়ন দেয়া হচ্ছে তার নামঃ

৬. সুপারিশকৃত মনোনয়নের প্রকৃতি নীতিমালায় বর্ণিত যে বিষয়ের (নীতিমালার ৫ অনুচ্ছেদ) অন্তর্গত তার উল্লেখ করুনঃ

৭. সুপারিশকৃত মনোনয়ন নীতিমালায়(নীতিমালার ৪ ও ৫ অনুচ্ছেদ অনুযায়ী) বর্ণিত কোন্ কোন্ ইতিবাচক অবদান রাখছে তা উল্লেখ করুনঃ

৮. অর্জিত সুফল পরিমাপের জন্য মনোনীত প্রকল্প/উদ্যোগের কোন স্বাধীন সংস্থা কর্তৃক অডিট/পরিমাপ/যাচাই হয়েছে কিনা ?

১. হ্যাঁ

২. না

উত্তর হ্যাঁ হলে অডিট রিপোর্টের মন্তব্য সংযুক্ত করুন।

৩. অডিট/পরিমাপ/যাচাইকারী প্রতিষ্ঠানের যোগাযোগের ঠিকানা ও টেলিফোন নম্বরঃ

৯. বিবেচ্য উদ্যোগ/মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠান আন্তর্জাতিক কোন সংস্থা কর্তৃক পুরস্কৃত হয়েছে কিনা ?

* হয়ে থাকলে অনূর্ধ্ব ১০০ শব্দের মধ্যে তার বিবরণ, সপক্ষে দাখিলকৃত কাগজপত্রাদি (অনধিক ৫ পৃষ্ঠা) সংযুক্ত করুন।

১০. অনধিক ২৫০ শব্দের মধ্যে মনোনয়নের সপক্ষে নিম্নলিখিত বিষয় সম্বলিত একটি ধারণাপত্র সংযুক্ত করুন :—

১. প্রেক্ষাপট ;
২. অগ্রাধিকার ও উদ্দেশ্যসমূহ ;
৩. ব্যবহৃত সৃজনশীল পদ্ধতিসমূহ ;
৪. প্রকল্প শুরু/ বাস্তবায়নের সময়কাল ;
৫. প্রকল্প /উদ্যোগের ফলে সৃষ্ট প্রভাব / পরিবর্তন ;
৬. অসাধারণ অর্জন (প্রতিটি চিহ্নিত প্রভাবকে ব্যাখ্যার জন্য ১৫০ শব্দের মধ্যে বিবরণ দিন) ;
৭. প্রকল্প /উদ্যোগ মনোনীত ব্যক্তি/দল/প্রতিষ্ঠানের ভূমিকা/সম্পৃক্ততার ধরণ ; এবং
৮. টেকসই অবস্থা।

১১. অনধিক ১০০ শব্দের মধ্যে মনোনয়নের সপক্ষে একটি বিবরণ প্রদান করুন।

মনোনয়ন প্রেরণকারী কর্মকর্তার স্বাক্ষর ও পদবি